

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
৮৩-৮৮, বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক
মহাখালী বা/এ, ঢাকা - ১২১২।
www.parjatan.gov.bd

নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.৪৯৪.১৮.৯২৬

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬

১২ জুন ২০১৯

অফিস আদেশ


জনাব মো: অহিদ আলী (জিপিএফ নং-৬৯৮), ক্লিনার, সাধারণ সেবা শাখা, প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, বাপক, ঢাকা-এর ব্যক্তিগত নথিতে রেকর্ডভুক্ত জন্ম তারিখ ১২/০৭/১৯৬০ অনুযায়ী আগামী ১১/০৭/২০১৯ তারিখ ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। এ প্রেক্ষিতে বাংলাদেশ পর্যটন করপোরেশনের চাকুরী প্রবিধানমালা ১৯৯০-এর বিধি ৪৯ এ বর্ণিত “দি পাবলিক সার্ভেন্টস রিটায়ারমেন্ট এ্যাক্ট-১৯৭৪” এর বিধি ৯(১) এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ ও বাংলাদেশ সার্ভিস রুলস (পার্ট-১) এর বিধি ৭৯ অনুযায়ী ১১/০৭/২০১৯ তারিখ থেকে তাঁকে অবসর প্রদান করা হলো।

২। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উল্লিখিত স্মারকের আলোকে তাকে আগামী ১২/০৭/২০১৯ তারিখ থেকে পূর্ণগড় বেতনে ১২ (বার) মাস অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। বাপক কর্মচারী (অবসরভাতা, আনুতোষিক ও সাধারণ ভবিষ্য তহবিল) প্রবিধানমালা ২০০৬ এর বিধি ২৭(১) এবং ছুটি প্রাপ্যতা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক প্রকাশিত বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় (১৫ ডিসেম্বর ২০১৫ তারিখে প্রকাশিত) জাতীয় বেতন স্কেল-২০১৫ এর অনুচ্ছেদ-১০(২) উপ-অনুচ্ছেদের (খ) অনুযায়ী তাঁকে ১০ মাস ২৭ দিন অর্জিত ছুটি নগদায়নের অনুমোদন দেয়া হলো। ইতোপূর্বে তিনি ০৭ মাস ০৩ দিন অর্জিত ছুটি নগদায়ন করেছেন।

৪। করপোরেশনের/সরকারী প্রচলিত নিয়ম অনুযায়ী তিনি অন্যান্য সুযোগ সুবিধা পাবেন এবং অবসরোত্তর ছুটিতে থাকাকালীন বেতন ভাতাদি বাংলাদেশ পর্যটন করপোরেশন, প্রধান কার্যালয়-এর অর্থ ও হিসাব বিভাগ হতে গ্রহণ করবেন।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



১৮-৬-২০১৯

এস. এম. হামায়ুন কবির সরকার

মহাব্যবস্থাপক

ফোন: ৯৮৫৩৩০১ (অফিস)

নম্বর: ৩০.৩২.০০০০.০২১.১৮.৪৯৪.১৮.৯২৬/১(১০)


তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬

১২ জুন ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) মহাব্যবস্থাপক/অধ্যক্ষ----- (সকল), বাপক, ঢাকা।
- ২) আইসিটি বিভাগ, প্রধান কার্যালয়, বাপক, ঢাকা-ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৩) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন

- ৪) উপব্যবস্থাপক , পেনশন শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) নির্বাহী কর্মকর্তা, সাধারণ সেবা শাখা, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা , পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৯) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ১০) জনাব মো: অহিদ আলী, ক্লিনার, সাধারণ সেবা শাখা, প্রশাসন বিভাগ, বাপক, ঢাকা।



১৮-৬-২০১৯

মোবাম্বেরা আক্তার
উপব্যবস্থাপক